



# ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন

## Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

### HEAD OFFICE & MAILING ADDRESS

3/C, New Baily Road  
Ramna, Dhaka.

Phone: 88 02222225942

PABX: 48312757, 48317328

E-mail: dcaa.2009@gmail.com

Website: www.dcaadhaka.org

### BRANCH OFFICE

#### AIR FREIGHT UNIT OFFICE C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport  
Kurmitola, Dhaka-1230  
Phone: 8901240

#### ASYCUDA WORLD OFFICE

Custom House (G.F)  
Hazrat Shahjalal Int'l Airport  
Kurmitola, Dhaka.  
Phone: 8901242, 8901331

#### ICD KAMALAPUR OFFICE

Custom House, ICD,  
Kamalapur, Dhaka-1000  
Phone: 58311105, 48311584

#### SAVAR OFFICE

DEPZ Customs Station,  
Ganakbari, Savar, Dhaka.  
Phone: 996689434

#### ADAMZEE OFFICE

Adamzee EPZ Customs Station  
Siddirganj, Narayanganj

#### PANGAON OFFICE

Pangaon Custom House  
Pangaon, Keraniganj  
Dhaka

প্রচারপত্র নং-১১৬/২০২৪

তারিখ : ১৪-১০-২০২৪ইং

### জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : এয়ারপোর্টস্থ সিএন্ডএফ ভবনে স্বতন্ত্র সার্ভিস ডেস্ক ব্যবহার প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

এয়ারপোর্টস্থ সিএন্ডএফ ভবনে স্বতন্ত্র সার্ভিস ডেস্ক ব্যবহারকারী সম্মানিত সিএন্ডএফ সদস্যদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে সম্মানিত সদস্যদের মধ্যে স্বতন্ত্র সার্ভিস ডেস্ক বরাদ্দ করা হয়।

সাম্প্রতিক সময়ে সম্মানিত সদস্য এবং বিভিন্ন ব্যক্তিবর্গের অভিযোগের ভিত্তিতে জানা যাচ্ছে যে, কোন কোন সম্মানিত সদস্য ডেস্ক বরাদ্দ নিয়ে নিজে ব্যবহার না করে ভিন্ন ব্যক্তিকে অর্ধের বিনিময়ে বাণিজ্যিক কাজে ব্যবহার করতে দিয়েছেন। আবার অনেকে ডেস্কের কাঠামো পরিবর্তন করে অতিরিক্ত সেলফ তৈরী করেছেন। এছাড়া উক্ত ফ্লোরে যত্রতত্র ব্যাগ, ব্রিফকেস ও অন্যান্য পণ্যাদি ডেস্কের অভ্যন্তরে ছড়িয়ে-ছিটিয়ে রেখে অন্যান্য ডেস্ক ব্যবহারকারীদের স্বাভাবিক চলাচলে বিঘ্ন সৃষ্টি করছেন এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ওয়াই-ফাই সংযোগ স্থাপন করেছেন। সম্মানিত সদস্য ও তদ্বীয় কর্মচারীদের এ ধরনের আচরণ সিএন্ডএফ ভবন ব্যবহার নীতিমালা পরিপন্থী কর্মকান্ড বলে প্রতীয়মান।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, এহেন ডেস্ক বরাদ্দ গ্রহণকারী সদস্যবৃন্দকে নীতিমালার শর্ত ভংগ করে ভিন্ন ব্যক্তির মাধ্যমে ডেস্কে কোন ধরনের বাণিজ্যিক কর্মকান্ড পরিচালনা করা থেকে বিরত থাকা, অননুমোদিতভাবে ওয়াই-ফাই স্থাপন করা থেকে বিরত থাকা, অতিরিক্ত সেলফ অপসারণ করা এবং ভবনের অভ্যন্তরের সৌন্দর্য্য ও শৃংখলা বজায় রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় সিএন্ডএফ ভবন ব্যবহার নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)

সাধারণ সম্পাদক

ফোন : ০১৭১১-৫২০২৭৯

(মোঃ মিজানুর রহমান)

সভাপতি

ফোন : ০১৭১১-৫২১১০৮